

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-১০

তারিখঃ ০৩/০২/২০০৩ ইং

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

## একুইটি এন্ড অন্ট্যাপ্যান্যারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে ইইএফ সার্কুলার নং-০৬ তারিখ-২৪/০৬/২০০২ এর ০৭ অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে । উক্ত অনুচ্ছেদে বলা হয়েছে যে, যে সকল ক্ষেত্রে উদ্যোক্তাগণ ব্যাংক ঋণ ব্যতিরেকে কেবলমাত্র ইইএফ সহায়তা গ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন করতে চান সে সকল ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্বাচিত একটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ইইএফ এর প্রতিনিধি হিসেবে সহযোগিতা প্রদান করবে এবং প্রকল্প মূল্যায়নসহ ইইএফ সার্কুলার মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম/ব্যবস্থা গ্রহণ করবে এবং যথাযথ সুপারিশসহ প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন ইইএফ ইউনিটে দাখিল করবে ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, যে সমস্ত উদ্যোক্তা ব্যাংক ঋণ গ্রহণ ব্যতিরেকে ইইএফ সহায়তা গ্রহণ করতে আগ্রহী তাদেরকে কিছু সংখ্যক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান তথা যথাযথ সুপারিশসহ প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে (ইইএফ ইউনিট) প্রেরণ করতে অনীহা প্রকাশ করছে ; ফলে একুইটি এন্ড অন্ট্যাপ্যান্যারশীপ ফান্ড ব্যবহারের ক্ষেত্রে অনভিপ্রেত সমস্যার সৃষ্টি হচ্ছে ।

বর্ণিত অবস্থায় যে সমস্ত উদ্যোক্তা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ ছাড়া ইইএফ সহায়তা গ্রহণ করে প্রকল্প স্থাপন করতে আগ্রহী তাদেরকে যথাযথ সহযোগিতা প্রদান করার জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা যাচ্ছে ।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

( এ,টি,এম,ফজলে রব )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২৬১০১-২০/২০৭৩